সংবাদ

তারিখ ... 12 OCT 1985 ...
পৃষ্ঠা... ... ৪ কলাম ৭ ... ...

002

# শিক্ষামন্ত্রী আহত ছাত্রদের দেখতে হাসপাতালে গিয়েছিলেন

শিক্ষামন্ত্রী জনাব শামসুল হুদা চৌধুরী জগন্নাথ হলের আহত ছাত্রদের দেখতে গতকাল রোববার ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল ও পি, জি হাসপাতালে যান।

মন্ত্রী তাদের কুশল-জিজ্ঞেস করেন এবং চিকিৎসার সর্বশেষ অবস্থা সম্পর্কে খোঁজ নেন। তিনি ছাত্রদের যথাযথ চিকিৎসা করার জন্যে হাসপাতাল কর্তৃপক্ষকে নির্দেশ দেন। তিনি ঘটনাস্থলও পরিদর্শন করেন।

সোফিয়ায় ইউনেস্কোর সাধারণ সম্মেলনের ২৩তম অধিবেশনে যোগদান শেষে মন্ত্রী গতকাল দেশে ফিরেছেন। সমাজকল্যাণ ও মহিলা বিষয়ক মন্ত্রী রাবিয়া ভূঁইয়াও ছাত্রদের দেখতে যান। এসব ছাত্র ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল, পি, জি হাসপাতাল, সম্মিলিত সামরিক হাসপাতাল ও পঙ্গু হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। তিনি তাদের অবস্থা ও চিকিৎসার অগ্রগতি সম্পর্কে খোঁজ নেন। তিনি প্রত্যেক আহত ছাত্রকে একটি লুঙ্গি, একটি জামা, একটি তোয়ালে ও এক প্যাকেট গ্লুকোজ দেন। খবর রেডিও বাংলাদেশের।